Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২৬৩ তারিখঃ ১৪/১১/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শতভাগ তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বন্ড সুবিধার মাধ্যমে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার আমদানি প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর নথি নং ০৮.০১.২৬৫৩.০২৮.০১৩.০০১.২০২৩/৫২৩৯ (১-৭), তারিখঃ ৩০/০৮/২০২৩।

(খ) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর নথি নং ০৮.০১.২৬৫২.১১৩.৩২.০০১.২০/৬৫৭৯(১-৭), তারিখঃ ১৩/০৮/২০২৩।

(গ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/১৯১, তারিখঃ ১৩/০৮/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্ড সুবিধার মাধ্যমে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার আমদানির ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর/দক্ষিণ) হতে সূত্রোক্ত 'ক' ও 'খ' আদেশ জারী করা হয়েছে।

উল্লেখ্য, ইতিপূর্বে বিজিএমইএ হতে সূত্রোক্ত 'গ' সার্কুলারের মাধ্যমে এ'বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভার কার্যবিবরনীর সিদ্ধান্ত সম্পর্কে আপনাদেরকে অবগত করা হয়েছিল। উক্ত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর/দক্ষিণ) হতে সূত্রোক্ত 'ক' ও 'খ' অফিস আদেশ জারী করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত আদেশ ও সার্কুলার এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো এবং আদেশসমূহে উল্লেখিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Sector # 17, Block # H-1, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: 88-031-2867401-10 (PABX) | Fax: 88-031-2867412 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
(অস্থায়ী কার্যালয়)

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০১৩.০০১.২০২৩/ ৫৩৯ (১-৭) তারিখঃ ৩০ /০৮/২০২৩ খ্রিঃ

# আদেশ

জাতীয় রাজস্ব বোর্ডের ১৭/১২/১৯৯৭ খ্রিঃ তারিখের স্মারক নং-১(১৬)এনবিআর/শুল্ক-৪/৯৩(অংশ-১)/২৩৫৬ মূলে জারিকৃত সভার কার্যবিবরনীর সিদ্ধান্তের প্রেক্ষিতে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার ৩০/০৯/২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং-৫(১৩)১৮১/বন্ড কমিঃ/পেপার কাটিং/০৭/১৫৮০১(১-৬) এর মাধ্যমে জারিকৃত আদেশ ও তা বাস্তবায়ন নিশ্চিতকল্পে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-২(২০)/জন-প্রশাসন/বিবিধ নথি/২০১৮/১১৬১০ মূলে জারিকৃত আদেশ বাতিলক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের ০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নং-৩(১৩)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০১৮/৩৭৯ এর মাধ্যমে জারিকৃত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিম্নবর্ণিত শর্তে বন্ড সুবিধায় আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার আমদানি করতে পারবে।

(ক) আমদানিতব্য আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সে সুনির্দিষ্ট এইচ এস কোড ভিত্তিক অন্তর্ভূক্ত থাকতে হবে;
(খ) আমদানিতব্য আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার প্রিন্টেড হতে হবে অথবা সমপরিমান প্রিন্টিং ম্যাটেরিয়াল শর্তে আমদানি করতে হবে; এবং
(গ) কাস্টমস বন্ড কমিশনারেট হতে ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে যে ক্ষেত্রে প্রয়োজন হয়, সেখানে তদারকিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-
৩০/০৮/২০২৩
[ মোঃ আজিজুর রহমান ]
কমিশনার

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০১৩.০০১.২০২৩/ ৫৩৯ (১-৭) তারিখঃ ৩০ /০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারেনয়)ঃ

১। যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২। উপ কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৩। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৪। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৫। পি.টু সদস্য, কাস্টমস রপ্তানি বন্ড ও আইটি, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পি. টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

স্বা/-
৩০/০৮/২০২৩
[ মোঃ খায়রুল আলম ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে

রেজি ডাকযোগে/ই-মেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং-০৮.০১.২৬৫২.১১৩.৩২.০০১.২০ ৮৫৭ তারিখঃ ১৩/০৮/২০২৩ খ্রিঃ

## অফিস আদেশ

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এ কর্মরত সকল কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত (নথি নং-৩(১৩)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/৩৭৯, তারিখঃ ০৩.০৮.২০২৩ খ্রিঃ) অনুযায়ী শতভাগ তৈরী পোশাক রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানসমূহ বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত থাকা সাপেক্ষে বন্ড সুবিধায় আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার প্রিন্টেড অবস্থায় অথবা প্রিন্টিং ম্যাটেরিয়াল সমেত আমদানি করতে পারবে। তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না। পূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

১৩/৮/২৩

[ মোহাম্মদ আহসানুল হক ]
কমিশনার
ফোনঃ ০২২২২২২৭০০০
ই-মেইলঃ bondcomdhk@gmail.com

নথি নং-০৮.০১.২৬৫২.১১৩.৩২.০০১.২০ ৮৫৭ (২-৭) তারিখঃ ১৩/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
০২। যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
০৩। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) (তাঁকে উল্লিখিত তথ্যাদি বন্ড কমিশনারেটের ওয়েবসাইটে Updated করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
০৫। সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
০৬। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। শাখা সহকারী (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
০৮। নোটিশ বোর্ড।

13.08.23

[ সাদিয়া আফরোজ ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে।

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/৯৭৯ তারিখঃ ১৩/০৮/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শতভাগ তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বন্ড সুবিধার মাধ্যমে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার আমদানি প্রসঙ্গে।**

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা সকলে অবগত আছেন যে, দীর্ঘদিন ধরে তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ বন্ড সুবিধার মাধ্যমে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার আমদানির ক্ষেত্রে বিভিন্ন জটিলতার সম্মুখীন হচ্ছেন। বিষয়টির জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আমরা একাধিক পত্র প্রেরণ করি এবং বিভিন্ন সভায় মিলিত হই।

বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে, গত ২৫/০৭/২০২৩ইং তারিখে সদস্য (কাস্টমস:রপ্তানি বন্ড ও আইটি) এর সভাপতিত্বে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ/উত্তর)/চট্টগ্রাম এবং বিজিএমইএ'র প্রতিনিধির সমন্বয়ে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভায় বিজিএমইএ'র প্রতিনিধিগণ বিষয়টি সম্পর্কে উপস্থিত সকলকে বিস্তারিত অবগত করেন। উক্ত সভার কার্যবিবরনীতে উল্লেখিত সিদ্ধান্ত আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে নিম্নে তুলে ধরা হলোঃ

" সিদ্ধান্ত: শতভাগ তৈরি পোশাক রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানসমূহ বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত থাকা সাপেক্ষে বন্ড সুবিধার মাধ্যমে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার প্রিন্টেড অবস্থায় অথবা প্রিন্টিং ম্যাটেরিয়াল সমেত আমদানি করতে পারবে। এক্ষেত্রে বন্ড কমিশনারেটসমূহ ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে যেক্ষেত্রে প্রয়োজন হয়, সেখানে তদারকিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। অত্র সভার সিদ্ধান্তের আলোকে বন্ড কমিশনারেটসমূহ প্রয়োজনীয় অফিস আদেশ জারী করবে অথবা এর বিপরীতে ইতোপূর্বে কোন আদেশ জারি করা হয়ে থাকলে তা বাতিল/সংশোধনের কার্যক্রম গ্রহণ করবে।"

আশা করছি জাতীয় রাজস্ব বোর্ডের গৃহীত উপরোক্ত সিদ্ধান্তের মাধ্যমে তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ বন্ড সুবিধার মাধ্যমে সহজে আর্ট পেপার, এডহেসিভ পেপার ও স্টিকার পেপার প্রিন্টেড অবস্থায় অথবা প্রিন্টিং ম্যাটেরিয়াল সমেত আমদানি করতে পারবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org